

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ২৩, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
পরিকল্পনা শাখা-৩

#### প্রজ্ঞাপন

তারিখ: ০৭ তাত্ত্ব ১৪২৯ বঙ্গাব্দ/২২ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ২৮২-আইন/২০২২।—যেহেতু Town Improvement Act, 1953 (Act No. XIII of 1953), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 73 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ এর এক্ষতিয়ারাধীন ১৫২৮ বর্গকিলোমিটার (৫৯০ বর্গমাইল) এলাকার Master Plan [ঢাকা মহানগর এলাকার বিশদ অঞ্চল পরিকল্পনা (২০১৬-২০৩৫)] এই মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং ২৫.০০.০০০০.০৩২.১৪.০০৯.১৫(অংশ-৫)/৯৯, তারিখ: ২ সেপ্টেম্বর, ২০২০ এর মাধ্যমে প্রকাশ করিয়া উহার উপর আপত্তি বা সুপারিশ দাখিল করিবার জন্য সর্বসাধারণের নিকট আহ্বান করিয়াছিল; এবং

যেহেতু সর্বসাধারণের নিকট হইতে প্রাপ্ত আপত্তি বা সুপারিশ বিবেচনা করিয়া সরকার নিম্নবর্ণিত তফসিলে উল্লিখিত Master Plan (ঢাকা মহানগর এলাকার বিশদ অঞ্চল পরিকল্পনা)-টি অনুমোদন করিয়াছে;

সেহেতু উক্ত Act এর section 74 এর sub-section (1) এর বিধান অনুযায়ী সরকার নিম্নবর্ণিত তফসিলে উল্লিখিত Master Plan (ঢাকা মহানগর এলাকার বিশদ অঞ্চল পরিকল্পনা) এর অনুমোদনের বিষয়টি এতদ্বারা প্রকাশ করিল।

( ১৪৫০৯ )

মূল্য : টাকা 8.00

১৪৫১০

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, আগস্ট ২৩, ২০২২

২। ২২ জুন ২০১০ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ২৩২-আইন/২০১০ দ্বারা প্রকাশিত রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ এর এখতিয়ারাধীন ১৫২৮ বর্গকিলোমিটার (৫৯০ বর্গমাইল) এলাকার Master Plan (Detailed Area Plan) এতদ্বারা রাখিত করা হইল এবং এইরূপ রাখিতকরণ সত্ত্বেও উহার অধীন কৃত কার্য বা গৃহীত ব্যবস্থা বৈধ বলিয়া গণ্য হইবে।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

#### তফসিল

Master Plan (ঢাকা মহানগর এলাকার বিশদ অঞ্চল পরিকল্পনা) [প্রথম খণ্ড ও দ্বিতীয় খণ্ড]

[প্রথকভাবে মুদ্রিত]

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ বরকাতুর রহমান  
সিনিয়র সহকারী প্রধান।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
হাতিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)